

BACHELOR OF ARTS EXAMINATION, 2023

(2<sup>nd</sup> Year, 4<sup>th</sup> Semester)

COMPARATIVE LITERATURE

Course – UG/CL/CBCS/Core/4.3A

(সাহিত্যিক প্রতিগ্রহণ ও বাংলা সাহিত্য-২)

Full Marks: 30

Time: Two Hours

প্রশ্নগুলি সমমানের।

কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায়

সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) তোমার পাঠ্য 'শকুন্তলা' বিষয়ক প্রবন্ধে বঙ্কিমচন্দ্র এবং রবীন্দ্রনাথ দুই বিপরীত অবস্থানে দাঁড়িয়ে আছেন। এই মত তুমি সমর্থন করবে কি? আলোচনা করো।

অথবা,

১। খ) চৌরপঞ্চাশিকা-কে কেন্দ্রে রেখে পাঠ-পদ্ধতি হিসেবে 'প্রতিগ্রহণ' সাহিত্য রস গ্রহণে কীভাবে সহায়ক আলোচনা কর।

২। ক) উনিশ শতক জুড়ে শিক্ষিত মধ্যবিত্ত বাঙালি সমাজের যে উচ্চাকাঙ্ক্ষা; পাশ্চাত্য শিক্ষা-সংস্কৃতির আত্মীকরণ, পরিহার ও প্রতিগ্রহণের মধ্যে দিয়ে সামাজিক চরিত্র নির্মাণের যে প্রবণতা, সেখানে কমলাকান্তের দণ্ডর-এর কমলাকান্তের মতো আফিমখোর, আত্মজোলা, উচ্চাশাহীন একটি চরিত্র তৎকালীন সমাজ ব্যবস্থায় কোনোভাবে মানানসই বলে তোমার মনে হয়? এই চরিত্রটি কি উনিশ শতকীয় শিক্ষা-সমাজব্যবস্থার কোনও প্রকার সমালোচনার জায়গা তৈরি করে? এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।

অথবা,

২। খ) জয়সী রচিত পদ্মাবত থেকে আলাওলের পদ্মাবতী অনুবাদে মূল্যে কিছু অংশ বাদ পড়ে, নতুন নতুন কাব্যাংশ ও উপমা যোগ হয়, এমনকী কাহিনি'র মোড় অবধি ঘুরে যায়। একে কি তাহলে অনুকৃতি বলা চলে? কাব্যদুটির নিবিড় পাঠে দুই কবির অবস্থান ও উদ্দেশ্য বিবেচনা কর।

৩। ক) দীনেশচন্দ্র সেনের ইংরেজি অনুবাদে মহুয়া'র বন্দনা অংশ বাদ দেওয়া কি যুক্তিযুক্ত বলে তোমার মনে হয়? তোমার মতামত ব্যাখ্যা করো।

অথবা,

৩। খ) উনিশ শতকের শেষ ও বিশ শতকের গোড়ায় বাংলায় লোকধারার সাহিত্যিক প্রতিগ্রহণের নানান উদ্যোগ কি আসলে জাতীয়তাবাদী প্রকল্পের অংশ বলে তোমার মনে হয়? প্রাসঙ্গিক পাঠ্যের উদাহরণসহ আলোচনা করো।